



গণভোটের রায় উপেক্ষা করলে জনগণ প্রতিক্রিয়া দেখাবে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জামায়াতকে নিয়ে নানা ধরনের অপপ্রচার করা হলেও অতীতে কারা ধর্মকে রাজনৈতিকভাবে ব্যবহার করেছে, তার প্রমাণ মানুষের কাছে রয়েছে। তিনি দাবি করেন, জামায়াতের টিকিট বিক্রির মতো বক্তব্য যারা দিয়েছেন, তাদের ভিডিওচিত্রও রয়েছে।

শুক্রবার (১৯ জুন) সকালে নারায়ণগঞ্জের ফতুল্লার মাসদাইর কেন্দ্রীয় ঈদগাহ মাঠে মহানগর জামায়াত আয়োজিত কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, জনগণের মতামত ও গণরায়কে যথাযথ গুরুত্ব দিতে হবে। গণভোটে দেওয়া রায় উপেক্ষা করা হলে জনগণ তার প্রতিক্রিয়া দেখাবে। তিনি অভিযোগ করেন, বিভিন্ন এলাকায় ব্যবসায়ীরা চাঁদাবাজির কারণে স্বাভাবিকভাবে ব্যবসা পরিচালনা করতে পারছেন না।

বক্তব্যের এক পর্যায়ে স্থানীয় সরকার নির্বাচন প্রসঙ্গ তুলে তিনি সিটি করপোরেশনগুলোতে দ্রুত নির্বাচন আয়োজনের দাবি জানান। একই সঙ্গে আসন্ন নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচনে মহানগর জামায়াতের আমির মাওলানা আব্দুল জব্বারকে মেয়র প্রার্থী হিসেবে ঘোষণা করেন।

সম্মেলনে আরও বক্তব্য দেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য সাইফুল আলম খান মিলন, ঢাকা মহানগরী দক্ষিণের আমির নূরুল ইসলাম বুলবুল এবং ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম সাদ্দামসহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতারা।